



ফেসবুক-ইউটিউবেই সীমাবদ্ধ আ. লীগের রাজনীতি: রাশেদ খাঁন



রাশেদ খান। ছবি: সংগৃহীত

আওয়ামী লীগের রাজনীতি এখন ফেসবুক ও ইউটিউবেই সীমাবদ্ধ বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন। দলটিকে দেশে ফিরিয়ে আনতে কোনো বিদেশি দেশের চাপ নেই বলেও দাবি করেন তিনি।

গুৱাবার (৯ অক্টোবর) সকালে মাগুরা সদর উপজেলার বরুণাতৈল গ্রামে জুলাই আন্দোলনে শহীদ মেহেদী হাসান রাব্বির কবর জিয়ারত ও তার পরিবারের সদস্যদের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি।

আওয়ামী লীগকে সাধারণ ক্ষমা ঘোষণার বিষয়ে জামায়াতের আমিরের বক্তব্যের সমালোচনা করে রাশেদ খাঁন বলেন, এ ধরনের উদ্যোগ মানবতাবিরোধী অপরাধ। এ বিষয়ে বিচারও দাবি করেন তিনি।

তিনি আরও বলেন, যুক্তরাষ্ট্র বা ভারতের কাছে মাথা নত করে বিএনপি সরকার দেশ চালাবে না। শেখ হাসিনার মরদেহ বাংলাদেশে দাফন করার সাহসও আওয়ামী লীগের কারও নেই বলে মন্তব্য করেন রাশেদ খাঁন।